দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 29 MAY 2016
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ২ ...

# বহিষ্কৃত শিক্ষকের যোগদান খবরে ক্লাসবর্জন, স্কুলে তালা

**নিজস্ব সংবাদদাতা, ভালুকা, ময়মনসিংহ, ২৮ মে ॥** বিদ্যালয়ে বরখাস্তকৃত প্রধান শিক্ষকের আগমনের খবরে শনিবার সকালে ভালুকা উপজেলার জামিরদিয়া মাস্টারবাড়ী আব্দুল গণি আদর্শ উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের মাঝে উত্তেজনা দেখা দেয়। ওই সময় শিক্ষার্থীরা তাদের ক্লাস বর্জন করে বিদ্যালয় চত্বরে অবস্থান নিয়ে বরখাস্তকৃত ওই প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিক্ষোভ করে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে। পরে ওই বিদ্যালয়ের শিক্ষক ও স্থানীয় অভিভাবকদের হস্তক্ষেপে শিক্ষার্থীরা মহাসড়ক ছেড়ে বিদ্যালয়ে ফিরে এসে বিদ্যালয় গেটে তালা ঝুলিয়ে দেয়। জানা যায়, নারী কেলেঙ্কারি ও চেক জালিয়তির মাধ্যমে অর্থ আত্মসাৎসহ নানান অভিযোগে উপজেলার জামিরদিয়া মাস্টারবাড়ী আব্দুল গণি আদর্শ উচ্চ বিদ্যালয় পরিচালনা কমিটির সিদ্ধান্তে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আফজালুর রহমানকে গত বছরের ২৫ মে তার পদ থেকে বহিষ্কার করা হয়। পরে আফজালুর রহমান তার বহিষ্কারাদেশের বিরুদ্ধে হাইকোর্টে মামলা দায়ের করলে হাইকোর্ট ওই বহিষ্কার আদেশ ৬.মাসের জন্য স্থগিত করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তাকে বিদ্যালয়ের কাজ চালিয়ে যাওয়ার নির্দেশ দেয়। হাইকোর্টের নির্দেশে আফজালুর রহমান ভালুকা মডেল থানা পুলিশের সহায়তায় গত বছরের ১৪ অক্টোবর বিদ্যালয়ে যোগদান করতে গেলে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে উত্তেজনা দেখা দেয়। ওই সময় তারা বহিষ্কৃত প্রধান শিক্ষক আফজালুর রহমানের বিপক্ষে অবস্থান নেয়। পরে বিদ্যালয়ের অভিভাবক, এলাকাবাসী ও বিদ্যালয় পরিচালনা কমিটির লোকজন ঘটনাস্থলে উপস্থিত হলে পরিস্থিতির অবনতি ও উত্তপ্ত হতে থাকে। ওই সময় ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এদিকে আব্দুল গণি আদর্শ উচ্চ বিদ্যালয়ের বহিষ্কৃত প্রধান শিক্ষক আফজালুর রহমান তার লোকজন নিয়ে আবারও বিদ্যালয়ে যোগদান করতে আসছেন– এ খবরে শনিবার সকালে উত্তেজনা দেখা দেয় ওই বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে। ওই সময় শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে বিদ্যালয় চত্বরে অবস্থান নেয় এবং বরখাস্তকৃত ওই প্রধান শিক্ষকের বিরুদ্ধে স্লোগান দিতে থাকে।

একপর্যায়ে তারা ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে নেমে এসে মহাসড়ক অবরোধ করে। পরে ওই বিদ্যালয়ের শিক্ষক ও স্থানীয় অভিভাবকদের তাৎক্ষণিক হস্তক্ষেপে শিক্ষার্থীরা মহাসড়ক ছেড়ে বিদ্যালয়ে ফিরে এসে বিদ্যালয় গেটে তালা ঝুলিয়ে দেয়। পরে বিদ্যালয়ে ছুটি ঘোষণা করা হলে শিক্ষার্থীরা যে যার মতো বাড়ি ফিরে যায়।